



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর কর্তৃক গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মাহমুদুল আলম
জেলা প্রশাসক, দিনাজপুর।
তারিখ ও সময়: ০৬/০১/২০২১ খ্রিঃ, বিকাল-৩:০০ ঘটিকা।
স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ-১ (কাঞ্চন)

(সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য)

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। গত ০৭/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। এ কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২০-২১ প্রণয়ন করা হয়েছে এবং তা এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া সভায় জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ও ২য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে এবং এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

এ বিষয়ে উপরোক্ত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-১: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২০-২১ এর আলোকে নির্ধারিত সময়ের মধ্যে স্ব-স্ব অধিক্ষেত্রের প্রযোজ্য অংশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-২: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন, বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৩: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রোগ্রামার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহমুদুল আলম)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা নৈতিকতা কমিটি, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(সাধারণ শাখা)
www.dinaipur.gov.bd



স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০০৬.০৯.০৩৮.২০- ৬৭(২০)

তারিখ: ৬০ পৌষ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।

৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

৫। উপজেলা নির্বাহী অফিসার----- (সকল), দিনাজপুর।

৬। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। তাকে সভার কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েবসাইটে (নোটিশ বোর্ডে ও শূদ্ধাচার সেবাবক্সে) আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
তারিখ: ২৪ জানুয়ারি ২০২১

(মোঃ শরিফুল ইসলাম)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
দিনাজপুর।

☎ ০৫৩১৬৫-১০৫

৬৮